উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি
স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ
শাজাহানপুর, বগুড়া ।
১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/৩০ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ; সকাল ১২.০০টা

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান । অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান । উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ।

আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়িকরণ করা হয় ।

| ক্র.নং. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল ব্যয় অন্তে রাজস্ব উদ্বৃত্ত অর্থ ১,৮১,২০,৩৬৯/-(এক কোটি একাশি লক্ষ কুড়ি হাজার তিনশত উনসত্তর) টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে এবং নিয়মিত এডিপি ১ম ও ২য় কিস্তি বাবদ ২০.২৫+২০.২৫= ৪০,৫০,০০০/- (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে । ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও এডিপি ১ম ও ২য় কিস্তির অর্থসহ সর্বমোট (১,৮১,২০,৩৬৯+২০,২৫,০০০+২০,২৫,০০০)= ২,২১,৭০,৩৬৯/- টাকার মধ্যে আনুষাঙ্গিক ও তদারকি ব্যয় বাবদ ৩,৩০,৩৬৯/- (তিনলক্ষ ত্রিশ হাজার তিনশত উনসত্তর) টাকা বাদে ২,১৮,৪০,০০০/-(দুই কোটি আঠার লক্ষ চল্লিশ হাজার) টাকার অনুকূলে প্রকল্প গ্রহণ করা যাবে । তিনি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা ইউনিয়ন পরিষদ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, এলাকার জনসাধারণ কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদন ও বাস্তবায়নের নিমিত্তে গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশ মোতাবেক ২,১৮,৪০,০০০/-(দুই কোটি আঠার লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" এ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট "গ" এ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন । | ০১ । ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও এডিপি ১ম ২য় কিস্তির অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের লক্ষে আনুষাঙ্গিক ও তদারকি বাবদ ৩,৩০,৩৬৯/- (তিনলক্ষ ত্রিশ হাজার তিনশত উনসত্তর) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো ।<br>০২ । ২০২১-২০২২ অর্থ বছরের নিয়মিত এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অবশিষ্ট অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশ মোতাবেক ২,১৮,৪০,০০০/-(দুই কোটি আঠার লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" এ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট "গ" এ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো । | ১ । উপজেলা নির্বাহী অফিসার<br>২ । উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য প: প: কর্মকর্তা বলেন, বাংলাদেশসহ বিভিন্ন দেশে নতুন করে করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন দ্রুত ছড়িয়ে পড়ছে। ওমিক্রন অন্যান্য ধরনের চেয়ে বেশি সংক্রমণ প্রবণ। ইতোমধ্যে ওমিক্রন প্রতিরোধে অধিকতর সতর্কতার অংশ হিসেবে সরকার ১৫ দফা নির্দেশনা জারি করেছে। নির্দেশনাগুলো যথাযথভাবে পালনে জনসচেতনতা তৈরীর লক্ষ্যে জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়াও করোনা প্রতিরোধে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে গনটিকা কার্যক্রম অব্যহত রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ওমিক্রন প্রতিরোধে জারিকৃত সরকার নির্দেশনাগুলো যথাযথভাবে পালনে জনসচেতনতা তৈরীর জন্য প্রতি ইউনিয়নে মাইকিংসহ ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অবহিত করেন যে, ২০২১-২০২২ সালে রবি মৌসুমে রোপা আমন ফসল চাষ হয়েছে ৭৫৬০ হেক্টর জমিতে এবং আলু চাষ হয়েছে ৫০০০ হেঃ জমিতে। ফসলের অবস্থা ভালো। এ পর্যন্ত কর্তন হয়েছে ১৫০০ হেঃ। গড় ফলন ২২ মেঃ টন। তাছাড়া সরিষা চাষ হয়েছিল ১৩৫০ হেঃ জমিতে এ পর্যন্ত কর্তন হয়েছে ৪০০ হেঃ। গড় ফলন ১.৬ মেঃ টন। রবি মৌসুমে ১২৫০ হেঃ জমিতে শাক সবজি চাষ করা হয়েছে। ফসলের অবস্থা ভালো। তিনি আরও জানান, জানুয়ারি ২০২২ পর্যন্ত এ উপজেলায় সারের মজুদ রয়েছে ইউরিয়া-২০০, টিএসপি-১২০, এমওপি-১১০ ও ডিএপি-৩০০ মেঃ টন। রাসাইনিক সার ও জ্বালানি তেলের সংকট নেই মর্মে তিনি সভায় অবহিত করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে আলু আবাদসহ শীতকালীন ফসলের রোগ ব্যধি নিরসনে উপজেলা কৃষি বিভাগকে আরও সতর্ক থাকতে হবে এবং সার ও কীটনাশক সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, গবাদিপ্রাণির চিকিৎসা ও ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে শীত কাল চলছে। শীত কালে গবাদী পশু ও হাঁস মুরগির বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা যায়। সে ব্যাপারে তার দপ্তর সতর্ক রয়েছে। তিনি আরও জানান, নিরাপদ মাংস, দুধ ও ডিম উৎপাদনের লক্ষ্যে পোল্ট্রি ও ডেইরী খামার নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। সভায় জনপ্রতিনিধিদের এসব বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য তিনি অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম : (১) টিকাদান-ক) গবাদিপ্রাণি- ৩৫৬০ টি। পোল্ট্রি- ৩৬৫০০টি (২) চিকিৎসা (ক) গবাদি প্রাণি-১৫৩৫টি (খ) পোল্ট্রি-১০২৬২টি এবং (৩) কৃত্রিম প্রজনন-১৩৪১টি। পরিশেষে তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | আসন্ন শীত মৌসুমে হাঁস মুরগি ও গবাদি পশুর রোগ ব্যাধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, করোনা পরিস্থিতির মধ্যেও যথাসময়ে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে নতুন বই তুলে দিয়েছে সরকার। গত ০১ জানুয়ারি ২০২২ তারিখে এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ে বিনামূল্যে নতুন বই শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা সম্ভব হয়েছে। তিনি আরও জানান, এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের ১২ থেকে ১৮ বছরের শিক্ষার্থীদের করোনা টিকা দেয়া সম্পন্ন হয়েছে। যথা সময়ে শিক্ষার্থীদের টিকা দান কর্মসূচি সম্পন্ন করায় উপজেলা পরিষদসহ উপস্থিত সকলে উপজেলা | শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অনলাইনে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা করেন। | | |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান, করোনা পরিস্থিতির কারণে বিদ্যালয়গুলো বন্ধ রয়েছে। তবে কিছু কিন্ডার গার্টেন স্কুল ও কোচিং সেন্টার সরকারি নির্দেশনা উপেক্ষা করে খোলা রাখার সংবাদ পাওয়া যাচ্ছে। তাদের বিরুদ্ধে নিয়মিত পরিদর্শনপূর্বক বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান, করোনা প্রতিরোধে এ উপজেলায় ১২১টি বিদ্যালয়ের জন্য স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বরাদ্দ পাওয়া গেছে। তিনি দ্রুত বিতরন নিশ্চিত করবেন মর্মে সভায় অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান, কিছু কিছু প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাদের স্কুলের মান সম্মত প্রাথমিক শিক্ষা অর্জন ও বিদ্যালয়ের অবকাঠামোগত নানা সমস্যা সমাধানে স্থানীয় স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে কাজ করতে অনাগ্রহ প্রকাশ করে থাকেন। এতে করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হয়। তিনি প্রতিটি বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নমূলক কাজ, শিশু ভর্তি, উপস্থিতি নিশ্চিতকরণ, ঝরে পড়া রোধ করা, বিদ্যালয় সংস্কার ও মেরামত কাজে স্থানীয় প্রতিনিধিদের সহযোগীতা নেয়ার জন্য প্রধান শিক্ষকগণকে পরামর্শ প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসারের প্রতি অনুরোধ জানান। | ০১। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অনলাইনে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>০২। বিদ্যালয়ের নানাবিধ সমস্যা সমাধানে জনপ্রতিনিধিদের সমন্বয়ে কাজ করবেন | ০১। উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>০২। প্রধান শিক্ষক (সকল) |
| ০৮ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, চলতি অর্থ বছরে আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমে এ পর্যন্ত ৪২ জনকে ঋণ বিতরণ করা হয়েছে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ কার্ড বিতরন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সক্রিয় সেচ্ছাসেবী প্রতিষ্ঠান, এতিমখানা, রোগী কল্যাণ সমিতি কার্যক্রম, দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস,স্ট্রোকে প্যারালাইসড ও জন্মগত হৃদরোগে) রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে অধিক গতিশীলতা আনয়ন এবং যত্নবান হতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত ০৬ জানুয়ারি ২০২২ তারিখে সংশ্লিষ্ট সকলের সহযোগীতায় পরিবার পরিকল্পনা সম্মেলন সফলভাবে সম্পন্ন হয়েছে। তিনি পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি- ৮১,৩২০, মোট গ্রহনকারি- ৬৭৩৩৭, গ্রহনকারির হার ৮২.৮০%। | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের জানুয়ারি ২০২১ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরও বলেন, গত মাসে আড়িয়া ও মাঝিড়া ইউনিয়নের কোন সঞ্চয় জমা হয়নি। তিনি সকল ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় বাড়ানোর তাগিদ প্রদানে সম্মানিত ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | ০১। ভিজিডি, ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচির উপকারভোগীদের চাল বিতরণের সময় ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম তদারকি করবেন।<br>০২। ভিজিডি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | উপকারভোগীদের সঞ্চয় বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| ১১ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১১টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ি জানুয়ারি/২২ মাসে ৯১ টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে ৬৯ টি সমিতির অডিটের লাভের উপর ভিত্তি করে ১০% হিসেবে অডিট ফি ১৫,০৩০/- টাকা এবং ৩% হিসেবে সিডিএফ ৪,৪৪৭/- টাকা যা ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পের ৩২ জন সদস্যকে ৪,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ঋণের আসল আদায় ২৫,১১,৪৩৭। টাকা। সার্ভিস চার্জ আদায় ২,০২,৩৯৮/- টাকা। তিনি আরও জানান, বাংলাদেশ সমবায় একাডেমী, কোট বাড়ী, কুমিল্লায় ০৩ জন প্রশিক্ষণার্থী ইলেকট্রনিক্স ট্রেডে প্রশিক্ষণ এবং ইনস্টিটিউট নওগাঁয় ০৬ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন ট্রেডে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | আশ্রায়ন প্রকল্পের সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন কার্যক্রম এবং প্রশিক্ষণ পরবর্তি প্রয়োজনীয় সহযোগীতা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচির সাধারণ (কাবিখ) ১ম পর্যায় ১০টি প্রকল্পের অনুকূলে ৫২.০১০২ টন চাল, ১০টি প্রকল্পের অনুকূলে ৫২.০১০২ টন গম এবং ১০টি কাবিটা প্রকল্পের আওতায় ২৪,৫৭,৯৮২/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহিত প্রকল্পসমূহের সংস্কার কাজ চলমান রয়েছে। টিআর (সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের অর্থ দ্বারা গৃহিত ১৩টি প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, টিআর-সাধারণ কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের মোট ২৫,১৫,৩৯৯/৩৬ টাকা বরাদ্দের চিঠি পাওয়া গেছে। দ্রুত মিটিং আহব্বানপূর্বক বরাদ্দকৃত অর্থ দ্বারা কার্যক্রম গ্রহণের অভিমত ব্যক্ত করেন। তাছাড়া অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন (১১টি গৃহ) নির্মান ও দূর্যোগ সহনীয় ৩০টি ঘর নির্মান প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার কাবিখা, কাবিটা, টিআর (সাধারণ-বিশেষ) কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ের অর্থ দ্বারা গৃহিত প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ শতভাগ বুঝে নেয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অবহিত করেন, আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় বর্তমান মাসে ঋণ বিতরণ ১০,৬০,০০০/- টাকা এবং এ অর্থ বছরে ঋণ বিতরণ ২৪,৬০,০০০/- টাকা। ক্রমপঞ্জিত বিতরণ ৩০,৩৮,০০০/- টাকা। বিবেচ্য মাসে আদায় যোগ্য ৩,০৯,৩১৫/- টাকা। আদায়কৃত টাকার পরিমান ৩,০০,২২০/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় ০৭টি ব্যাচে ২১০ জনের প্রশিক্ষণের করা হয়েছে। তিনি আরও জানান, চলতি অর্থ বছরে ইমপ্যাক্ট প্রকল্প ফেজ-২ এর আওতায় বায়োগ্যাস | যুব প্রশিক্ষণ ও ঋণ কর্মক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্লান্টের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্লান্ট বাস্তবায়ন ও ঘুর ঋণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ইমপ্যাক্ট প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় একটি অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প। তিনি বায়োগ্যাস প্লান্টের সুফল জনগনের মধ্যে পৌঁছে দেয়ার জন্য উপস্থিত সকল সুধীজনকে অনুরোধ জানানো হয়। | | |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে জানুয়ারি ২০২২ মাসে সঞ্চয় আদায় ১১,০০০/- টাকা, ঋণ আদায় ৪,৬৭,০০০/- টাকা এবং ঋণ বিতরণ হয়েছে ৩,৮০,০০০/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে সঞ্চয় আদায় ২,৪১,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৫০,৭২,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৬১,৫০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫,৯০,১১,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪,৮২,৬২,০০০/- টাকা শেয়ার আমানত ৩,১৬,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত ৩৮,৮৪,০০০/- টাকা। তিনি আরও জানান, তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের ৩৪,৮২,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে। টাকা আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। উক্ত অর্থ আদায়ে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ০১। সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>০২। খেলাপি ঋণ আদায়ের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, উন্নত স্যানিটেশন নিশ্চিতকরণে জিপিএস প্রকল্পের আওতায় এ উপজেলার ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৩য় পর্যায়ের বরাদ্দকৃত নলকূপ বিতরণ লক্ষ্যে তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলেক অনুরোধ জানান। তিনি আরও জানান, তার দপ্তরের আওতায় ৩০টি নলকূপ মেরামত কাজ সম্পন্ন করা ও ২৫টি নলকূপের পরিদর্শন করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপ সরকারি নীতিমালার আলোকে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সুপারিশ মোতাবেক বিতরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৬ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা উন্নয়ন শাখার শাখার ২৯ অক্টোবর ২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯ নং স্মারক পত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাদের নমকরণের অবেদন/প্রস্তাবসমূহ বাছাইয়ের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা পাওয়া গিয়েছে। তিনি আরও জানান, শাজাহানপুর উপজেলা সংলগ্ন রাস্তার পূর্ব পার্শে সাজাপুর কাগজিপাড়ার রাস্তা সাবেক সিএন্ডবি রাস্তাটি নির্মান কাজ প্রায় শেষ পর্যায়ে। তৎপ্রেক্ষিতে এ উপজেলার মাঝিড়া ইউপির অন্তর্গত সাজাপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা এ এস এম মুসা, পিতা- মৃত সামছুর রহমান তার নিজ নামে এ রাস্তার নামকরণের জন্য আবেদন দাখিল করেছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে বীর মুক্তিযোদ্ধা | শাজাহানপুর উপজেলা সংলগ্ন রাস্তার পূর্ব পার্শে সাজাপুর কাগজিপাড়া রাস্তা সাবেক সিএন্ডবি রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা এ এস এম মুসা এর নামে নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ এস এম মুসা এর নামে রাস্তাটি নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ১৭ | বিবিধ-০১ | চেয়ারম্যান, আড়িয়া ইউপি অবহিত করেন, মোছাঃ পাপিয়া আকতার, স্বামী- আনোয়ার হোসেন, গ্রাম- জামালপুর, ইউপি- আড়িয়া, উপজেলা- শাজাহানপুর,বগুড়ার স্বামী মোঃ আনোয়ার হোসেন দীর্ঘদিন যাবত ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছে। অপারেশন খরচ ও অপারেশন পরবর্তি চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। অসুস্থ ব্যক্তি লোকটি দরীদ্র অসহায় মর্মে আর্থিক সহযোগীতার জন্য তিনি অনুরোধ জানান। | মোছাঃ পাপিয়া আকতার, স্বামী- আনোয়ার হোসেন, গ্রাম- জামালপুর, ইউপি- আড়িয়া, উপজেলা- শাজাহানপুর,বগুড়ার স্বামী মোঃ আনোয়ার হোসেনের চিকিৎসার জন্য আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক অনুদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |
| ১৮ | বিবিধ-০২ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মহোদয় বলেন, বগুড়া পৌরসভার ১৩ নং ওয়ার্ড সম্পূর্ণ, ১৪ ও ২১ নং ওয়ার্ডের অর্ধেক এলাকা শাজাহানপুর উপজেলার অন্তর্ভূক্ত। বগুড়া পৌরসভার বর্ণিত ওয়ার্ডগুলো শহরতলী ও পৌর অংশে বিশেষ হওয়ায় এলাকাগুলো পৌর সুযোগ-সুবিধা ও উন্নয়ন কর্মকান্ড হতে বঞ্চিত। তিনি এ উপজেলার অন্তর্গত ১৩ নং ওয়ার্ড সম্পূর্ণ, ১৪ ও ২১ নং ওয়ার্ডে আংশিক এলাকাতে উপস্থাপিত এডিপির তালিকায় পরিশিষ্ট "খ" এর প্রকল্প নং ১০২, ১০৫, ১০৬, ১১১, ১৫৩, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪ প্রকল্পসমূহ অত্যন্ত অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ বিবেচনায় এডিপি তহবিলের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ বিবেচনায় এডিপি তহবিলের অর্থ দ্বারা এ উপজেলার অন্তর্গত ১৩ নং ওয়ার্ড সম্পূর্ণ, ১৪ ও ২১ নং ওয়ার্ডে আংশিক এলাকাতে উপস্থাপিত এডিপির তালিকায় পরিশিষ্ট "খ" এর প্রকল্প নং- ১০২, ১০৫, ১০৬, ১১১, ১৫৩, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪ প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| ১৯ | বিবিধ-০৩ | চেয়ারম্যান, মাঝিড়া ইউপি বলেন, মোঃ আমিনুল ইসলাম, পিতা- লতিফ প্রাং, গ্রাম- সুজাবাদ, ইউপি- মাঝিড়া, উপজেলা- শাজাহানপুর, বগুড়ার মাদলা বাজারে অবস্থিত কাপড়ের দোকানে গত ২১ নভেম্বর ২০২১ তারিখ আনুমানিক রাত ১.০০ টায় বৈদ্যুতিক সার্কিট থেকে ভয়াবহ অগ্নিকান্ডে দোকানের মালামাল সম্পূর্ণরূপে পুড়ে গিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। ক্ষতিগ্রস্থ ব্যক্তি অতি দরিদ্র। পরিবার পরিজন নিয়ে অনেক কষ্টে দিন যাপন করায় উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদানের জন্য আবেদন দাখিল করেছেন। তিনি মানবিক বিবেচনায় ক্ষতিগ্রস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা- লতিফ প্রাং এর পরিবারকে উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান প্রদানের অনুরোধ জানান। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা- লতিফ প্রাং, গ্রাম- সুজাবাদ, ইউপি- মাঝিড়া, উপজেলা- শাজাহানপুর, বগুড়ার পরিবারকে আর্থিক অনুদান হিসেবে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্থিক অনুদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

**২০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়:**

| ক্র.নং | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির ডিসেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৪,৩০০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর ডিসেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৩,৩০০/- | |
| ০৩ | উপজেলা পরিষদের জীপগাড়ির অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১ মাসের জ্বালানি তেল ও গ্যাস বিল | ৫৮,১২১/- | |

| | | | |
|---|---|---|---|
| | বাবদ | | |
| ০৪ | উপজেলা পরিষদে বাসা বাড়ি ও অফিস ভবনের ইলেকট্রিক লাইন মেরামতের বিল বাবদ | ২৭,২৮৭/- | |
| ০৫ | উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টারের রংকরণ,দরজা ও স্যানিটারি লাইন মেরামতের বিল বাবদ | ২৪,৮৮০/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয় ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৩/০২/২২

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া ।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.১৮- ৯৮ (৩৫)

তারিখ : ১৬ মাঘ ১৪২৮ ব. / ০৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

সদয় অবগতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১ । মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২ । সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩ । পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪ । জেলা প্রশাসক, বগুড়া
০৫ । উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬ । নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭ । উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮ । ..........................................................................
০৯ । অফিস নথি

০৩/০২/২০২২

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন : ০৫১-৮২৪০০ (অফিস)